তারিখ ..12. MAY. 2016......
পৃষ্ঠা ...২...৩ কলাম...৬........

দৈনিক
ইত্তেফাক

# মাদ্রাসা বোর্ডে কমেছে পাসের হার

■ ইত্তেফাক রিপোর্ট

এবার দাখিলের ফলাফলে গত বছরের তুলনায় পিছিয়েছে মাদ্রাসা শিক্ষা বোর্ড। জিপিএ-৫ কম পেয়েছে ৫ হাজার ৪৪৩ জন ও পাসের হার ১ দশমিক ৯৮ শতাংশ কমেছে। এবার পাসের হার ৮৮ দশমিক ২২ শতাংশ। গত বছর দাখিলে পাসের হার ছিল ৯০ দশমিক ২০ শতাংশ।

এবার ৫ হাজার ৮৯৫ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেলেও গত বছর এ সংখ্যা ছিল ১১ হাজার ৩৩৮। জিপিএ-৫ পাওয়া পরীক্ষার্থীর সংখ্যা এবার প্রায় অর্ধেক কমে গেছে। মোট পরীক্ষার্থীর মাত্র ২ দশমিক ৩৯ শতাংশ জিপিএ-৫ পেয়েছে। মাদ্রাসা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষায় এবার ২ লাখ ৪৬ হাজার ৩৩৬ জন শিক্ষার্থী অংশ নিয়ে ২ লাখ ১৭ হাজার ৩১৪ জন পাস করেছে।